

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখঃ ১৫ জানুয়ারি ২০১৪।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল কর্মীগণ

হতে : পরিচালক

বিষয় : সংস্থার সংশোধিত মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা ২০১৩ প্রেরণ, ওরিয়েন্টেশন এবং ব্যবহারের জন্য করণীয় বিষয়াবলী প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সংস্থার সকল পর্যায়ে সুষ্ঠু সঠিক ও সুন্দর ব্যবস্থাপনার লক্ষে সম্প্রতি সংস্থার মানব সম্পদ নীতিমালা সংশোধিত আকারে প্রকাশিত হয়েছে। সে সংঙ্গে বিশেষ কিছু নির্দেশনাসহ নীতিমালাটি আপনাদের বরবার পাঠানো হয়েছে এবং আমরা আশা করছি অতি শিগ্ৰই আপনারা এটি পেয়ে যাবেন।

- এই নীতিমালাটি মাঠপর্যায়ে টিম লিডার, আরপিএস এবং প্রকল্প সমন্বয়কারীগণের মাধ্যমে সকল স্তরের কর্মীদের ২৫ জানুয়ারি, ২০১৪ তারিখ (শনিবার) বিকেল ২ টা থেকে ৫ টা পর্যন্ত ওরিয়েন্টেশন প্রদান করতে হবে। এখানে উল্লেখ্য যে, সকল অংশগ্রহণকারী ও সহায়তাকারীর জন্য ভেনু অফিস সংস্থার খরচে দুপুরে খাবারের ব্যবস্থা করবে। এর জন্য প্রকৃত যাতায়াত ভাতা সংস্থা বহন করবে।
- ওরিয়েন্টেশনের জন্য যে পদ্ধতি অনুসরণ করতে হবে তা হলো: ক. প্রথমে সকলকে নীতিমালাটি ৪৫ মিনিটের জন্য পড়তে দেয়া খ. সকলে আলোচনা করে শিক্ষণীয় বিষয়গুলো পোস্টারে লেখা গ. পোস্টার উপস্থাপনা ঘ. সহায়ক ও অংশগ্রহণকারী কর্তৃক প্রশ্নোত্তর ঙ. সকলকে ধন্যবাদ জানিয়ে আলোচনা শেষ করা। পাশে উল্লেখিত শাখা/প্রকল্পসমূহের ওরিয়েন্টেশন নিম্নলিখিত ভেনুতে অনুষ্ঠিত হবে।

ক্রম	কার্যালয়সমূহ	ভেনু অফিস	সহায়তাকারী
১	টেকনাফ, হাীলা, উখিয়া,	উখিয়া	হাসনাইন
২	মরিচা, রামু, কক্সবাজার-১, ২, ঈদগাহ, শিক্ষা প্রকল্প, এসএফপি এবং সিএমটিসি	সিএমটিসি	মকবুল আহমেদ
৩	বদরখালী, কালারমারছড়া, হোয়ানক, মহেশখালী	কালারমারছড়া	নুরে আলম
৪	ধুরং, কুতুবদিয়া	কুতুবদিয়া	মো: আলম
৫	চকোরিয়া, খুটাখালী, ঈদগাহ	খুটাখালী	কামরুজ্জামান
৬	পেকুয়া, হারবাং	পেকুয়া	মো: ফারুক হোসেন
৭	বোরহানউদ্দিন, বোরহানগঞ্জ, বদরপুর, জাহিরউদ্দিন এবং আরইউপি	বোরহানউদ্দিন	ফিরোজ খান
৮	চাঁদপুর, খাশেরহাট	খাশেরহাট	ফজলুল হক-আরইউপি
৯	রায়চাঁদ, চরউমেদ, , চরভূতা, লালমোহন	লালমোহন	আব্দুস সাত্তার মিত্র
১০	ভেলুমিয়া, ভোলা, দৌলতখান, সিফোর্ডি পিআইইউ, উপজেলা ব্যবস্থাপক এবং ইউসি	ভোলা	আব্দুর রহমান ফরিদ
১১	মনপুরা, সাকুচিয়া	মনপুরা	অমিতাভ মিত্র
১২	মোতাহার, দর্শমিনা, চরকাজল	চরকাজল	আব্দুর রব
১৩	ঢালচর, কুর্কিরমুর্কির, মানিকা, কলমি	মানিকা	মো: ফারুক
১৪	হাজারীগঞ্জ, দুলাহাট, জিন্গাডু, জনতা বাজার,	বিএমটিসি	রাশিদা বেগম

ক্রম	কার্যালয়সমূহ	ভ্যেনু অফিস	সহায়তাকারী
	বিএমটিসি, জেফোরএস পিআইইউ ও ইউএফ।		
১৫	লোহাগড়া, দোহাজারী, চন্দনাইশ	দোহাজারী	পিপুল বড়ুয়া
১৬	পটিয়া, বোয়ালখালী, চাঁদগাও	চাঁদগাও	আসাদুজ্জামান
১৭	রামগতি, লক্ষীপুর, চন্দ্রগঞ্জ	গুণ্ডীপুর	ফিরোজ আলম
১৮	ফেনী, দাগনভূঁইয়া	দাগনভূঁইয়া	মাহবুবুর রহমান
১৯	সোনাপুর, নোয়াখালী, বেগমগঞ্জ	নোয়াখালী	তারিক সাইদ হাব্বুন
২০	প্রধান কার্যালয়	প্রধান কার্যালয়	সনত কুমার ভৌমিক

৩. ওরিয়েন্টেশন করার পর একটি কম্পাইলড প্রতিবেদন (নিম্নোক্ত ফরমেট অনুযায়ী) ৫ ফেব্রুয়ারি ২০১৪ এর মধ্যে সংশ্লিষ্ট আরটিএল এবং আরপিএস (যেখানে আরটিএল নেই) নিম্নস্বাক্ষরকারীর কাছে পাঠাবেন।

ক্রমিক নং	ভ্যেনু	উপস্থিতির সংখ্যা	যে যে অফিসের কর্মীগণ ছিলেন	আলোচিত প্রধান প্রধান বিষয়সমূহ	অংশগ্রহণকারীর বিশেষ কোন মন্তব্য
১	২	৪	৫	৬	৭
১					
২					
--					

৪. সংস্থার সকল কর্মীকে উক্ত নীতিমালাটি অনুসরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে এবং সে সাথে এর কোন ব্যতিক্রম পরিলক্ষিত হলে সরাসরি নির্বাহী পরিচালক/পরিচালক কে জানানোর জন্য অনুরোধ করা হলো।
৫. এটি শাখা/প্রকল্প/ব্যবস্থাপনা কেন্দ্রগুলোতে পড়ার সুবিধার্থে সকলের জন্য (কি কর্মী কি স্টেকহোল্ডার) উন্মুক্ত থাকবে।
৬. এ নীতিমালাটি ০৫ অক্টোবর ২০১৩ তারিখ থেকে কার্যকর হয়েছে। নীতিমালা সম্পর্কে আর কোনও বিষয় জানার থাকলে সরাসরি নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

এ বিষয়ে আপনাদের সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,



সনত কুমার ভৌমিক

অনুলিপি: নির্বাহী পরিচালক  
অফিস ফাইল।